# সেবা সহজীকরণ প্রস্তাবনা

## (জেলা ও উপজেলা দপ্তর)

- **সেবার নাম:** ফেইজবুক গ্রুপের মাধ্যমে নোয়াখালী জেলার সদর উপজেলার সকল কার্যকর সমবায় সমিতির নিকট বিভাগীয় তথ্য আদান প্রদান সহজীকরণ।

- **সেবার বর্ণনা ও সহজীকরণের যৌক্তিকতা :** সমবায় অধিদপ্তর উহার নিবন্ধিত সমবায় সমিতির সদস্যদের আর্থিক উন্নতি ও জীবন মান উন্নয়নে দেশব্যাপী গুরত্বপূর্ণ ভূমিকা পালন করছে। নোয়াখালী জেলার সদর উপজেলাধীন ৯৪ টি কার্যকর প্রাথমিক সমবায় সমিতির মাধ্যমে তৃনমূল পর্যায়ে ব্যাপকভাবে জন সম্পৃক্তি মূলক কর্মকান্ডে নিয়োজিত রয়েছে। নোয়াখালী জেলা বাংলাদেশে বৃহত্তম জন বহুল জেলা সমূহের মধ্যে অন্যতম। এই জেলার কোন কোন উপজেলা নোয়াখালী সদর হতে ২০ থেকে ৫০ কিলোমিটার দরত্ব অবস্থিত।

  সমবায় বিভাগীয় কর্মকান্ড পরিচালনার ক্ষেত্রে সরকারের বিভিন্ন তথ্য সমবায় সমিতি সমূহের মধ্যে আদান প্রদান করতে হয়। কিন্তু দুরবর্তী এবং দুর্গম এলাকা গুলোতে সরকারী কোন বার্তা পৌছে দেয়া বা সমিতির সদস্যদের তথ্য সংগ্রহ করে সরকারের নিকট পৌছে দেয়া সময় স্বাপেক্ষ ব্যয় বহুল এবং অত্যাধিক ভ্রমন স্বাপেক্ষ । ফলে সরকারী কর্মকান্ডে সময়,অর্থ ও ভ্রমন হ্রাসের ((TCV- Time, Cost & Visit) নির্দেশনা প্রতিফালনের জন্য প্রযুক্তির উদ্ভাবনকে কাজে লাগিয়ে উদ্যোগ গ্রহণ করা তথা সময়,অর্থ ও ভ্রমন ((TCV-Time, Cost & Visit) হ্রাসের জন্য কার্যকরি উদ্যোগ হিসাবে বর্ণিত উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এই উদ্যোগের নোয়াখালী জেলার কার্যকর ৯৪ টি সমবায় সমিতিকে একটি ফেইজবুক ফেইজের মাধ্যমে সংযুক্ত করে দ্রুততম সময়ের মধ্যে স্বল্পতম ব্যয়ে ভ্রমনের বিড়ম্বনা ছাড়াই তথ্য আদান প্রদান করা সহজ হবে।

- **সেবা প্রাপ্তির মৌলিক তথ্যাদি :**

| ক্র. নং | বিষয় | তথ্যাদি |
|---|---|---|
| ১. | সেবা প্রদানকারী অফিস | উপজেলা সমবায় কার্যালয়, নোয়াখালী সদর, নোয়াখালী |
| ২. | সেবার সংক্ষিপ্ত বিবরণ | সরকারী দপ্তর হিসাবে উপজেলা সমবায় কার্যালয়, নোয়াখালী সদর, নোয়াখালী, জেলা সমবায় কার্যালয়, নোয়াখালী; বিভাগীয় সমবায় দপ্তর চট্রগ্রাম ও সমবায় অধিদপ্তর, ঢাকা এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের বিভিন্ন আদেশ নির্দেশ প্রতিফালন করে থাকে। এই দপ্তর হইতে নিয়মিত ভাবে বিভিন্ন উপজেলা সমবায় কার্যালয়ের মাধ্যমে সমবায় সমিতি সমূহের বরাবরে প্রেরণ করা হয়ে থাকে। এই সকল তথ্য প্রাপ্তি সরবরাহের ক্ষেত্রে পত্র যোগাযোগের বিদ্যমান পদ্ধতি অনুসরণ করা হলে একটি পত্র কোন উপজেলায় পৌছে দিতে ০৩ (তিন) থেকে ০৫ (পাঁচ) দিন এমনকি ০৭ (সাত) দিন ও সময় লাগে। একটি অভিন্ন ফেইজবুক ফেইজের মাধ্যমে সমবায় সমিতি সমূহের নিকট তথ্য সরবরাহ করা গেলে এবং প্রত্যাশিত তথ্য সংগ্রহ করা সম্ভব হলে নোয়াখালী জেলা সমবায় আন্দলনে যুগান্তকারী পরিবর্তন আসবে এবং সেবা প্রদান প্রক্রিয়া TCV (Time, Cost & Visit) উল্লেখযোগ্য পরিমাণে হ্রাস পাবে। |
| ৩. | বার্ষিক সেবা গ্রহণকারীর সংখ্যা | ৯৪ (চুরানব্বই) টি কার্যকর প্রাথমিক সমবায় সমিতির সদস্য সংখ্যা ২৪৬১২ জন। |
| ৪. | সেবা প্রাপ্তির শর্তাবলী | প্রত্যাশিত সমবায় সমিতিটি অবশ্যই সমবায় অধিদপ্তর হতে নিবন্ধিত ও কার্যকর সমবায় সমিতি হতে হবে। |
| ৫. | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী | উপজেলা সমবায় অফিসার ও সহকারী পরিদর্শক |

Scanned with CamScanner

<table>
<tr><th>ক্র. নং</th><th>বিষয়</th><th colspan="3">তথ্যাদি</th></tr>
<tr><td>৬.</td><td>সেবা প্রাপ্তির সময়</td><td colspan="3">১-২ দিন।</td></tr>
<tr><td>৭.</td><td>সেবা প্রাপ্তিতে খরচ</td><td colspan="3">নাই।</td></tr>
<tr><td>৮.</td><td>সেবা প্রাপ্তির জন্য যাতায়াতের সংখ্যা</td><td colspan="3">১ (এক) বার।</td></tr>
<tr><td rowspan="2">০৯.</td><td rowspan="2">সেবা প্রাপ্তির ক্ষেত্রে মূল সমস্যা, সমস্যার কারণ ও ভোগান্তি।</td><td>সেবা প্রাপ্তির মূল সমস্যা</td><td>সমস্যার পেছনের কারণ</td><td>সেবা গ্রহীতা/ প্রদানকারীর ভোগান্তি</td></tr>
<tr><td>নোয়াখালী জেলার সদর উপজেলাধীন নিবন্ধিত কার্যকর সমবায় সমিতি গুলো কোন অনলাইন গ্রুপে সংযুক্ত না থাকা।</td><td>নোয়াখালী জেলার সদর উপজেলার ৯৪ টি কার্যকর সমিতির নিজস্ব ফেইজবুক আইডি না থাকা।</td><td>১. সমবায় সমিতিগুলো নিজস্ব ফেইজবুক আইডি না থাকার কারণে সমবায়ী সদস্য গণ তাৎক্ষনিক ভাবে সমিতি সম্পর্কিত অনেক গুরুত্বপূর্ণ তথ্য প্রাপ্তি হতে বঞ্চিত হন।<br>২. সমবায় সমিতি গুলো কোন নির্দিষ্ট গ্রুপের সাথে সংযুক্ত না থাকায় তারা সঠিক সময়ে বিভিন্ন সরকারী নির্দেশনা সমূহ অবগত হতে পারেনা।<br>৩. সমবায় সমিতির নিজস্ব ফেইজবুক আইডি না থাকায় এবং তা কেন্দ্রীয় ভাবে সমবায় বিভাগ কর্তৃক পরিচালিত কোন গ্রুপের সাথে সংযুক্ত না থাকায় বিভাগীয় কর্মকান্ডের গতি অনেক খানি শ্লথ ও মন্থর এতে সমবায়ী গণ বিভিন্ন ভাবে হয়রানি বা ভোগান্তির স্বীকার হয়।</td></tr>
</table>

Scanned with CamScanner

| | | |
|---|---|---|
| | | সমস্যা, সমস্যার কারণ ও এর প্রভাব/ ভোগান্তি সম্পর্কে বিবৃতি :<br>নোয়াখালী জেলার সদর উপজেলায় নিবন্ধিত কার্যকর সমবায় সমিতি গুলো কোন অনলাইন গ্রুপে সংযুক্ত না থাকা। নোয়াখালী জেলার সদর উপজেলাধীন ৯৪ টি কার্যকর প্রাথমিক সমিতির নিজস্ব ফেইজবুক আইডি না থাকা। সমবায় সমিতিগুলো নিজস্ব ফেইজবুক আইডি না থাকার কারণে সমবায়ী সদস্যগণ তাৎক্ষনিকভাবে সমিতি সম্পর্কিত অনেক গুরুত্বপূর্ণ তথ্য প্রাপ্তি হতে বঞ্চিত হন।<br>সমবায় সমিতিগুলো কোন নির্দিষ্ট গ্রুপের সাথে সংযুক্ত না থাকায় তারা সঠিক সময়ে বিভিন্ন সরকারী নির্দেশনা সমূহ অবগত হতে পারেনা।<br>সমবায় সমিতির নিজস্ব ফেইজবুক আইডি না থাকায় এবং তা কেন্দ্রীয় ভাবে সমবায় বিভাগ কর্তৃক পরিচালিত কোন গ্রুপের সাথে সংযুক্ত না থাকায় বিভাগীয় কর্মকান্ডের গতি অনেক খানি শ্লথ ও মন্থর এতে সমবায়ী গণ বিভিন্ন ভাবে হয়রানি বা ভোগান্তির স্বীকার হয়। |

❖ **বিদ্যমান সেবা-পদ্ধতি বিশ্লেষণ :**

| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম | প্রতি ধাপের সময় | সম্পৃক্ত ব্যক্তিবর্গ |
|---|---|---|---|
| ধাপ-১ | উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট হতে উপজেলা সমবায় দপ্তরে পত্র প্রাপ্তি ও ডাইরিভুক্তিকরণ। | ১ দিন | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর |
| ধাপ-২ | উপজেলা সমবায় দপ্তরের সংশ্লিষ্ট নথি উপস্থাপনকারী কর্তৃক নথিতে উপস্থাপন। | ১ দিন | সহকারী পরিদর্শক |
| ধাপ-৩ | উপজেলা সমবায় অফিসার কর্তৃক জেলা সমবায় অফিসার বরাবর পত্র অগ্রায়নের নিমিত্তে অনুমোদন ও জারি। | ১ দিন | উপজেলা সমবায় অফিসার |
| ধাপ-৪ | উপজেলা সমবায় অফিসার হতে জেলা সমবায় দপ্তরে পত্র প্রাপ্তি ও ডাইরিভুক্তিকরণ। | ১ দিন | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর |
| ধাপ-৫ | জেলা সমবায় দপ্তরের সংশ্লিষ্ট নথি উপস্থাপনকারী কর্তৃক নথিতে উপস্থাপন। | ১ দিন | পরিদর্শক/সমপর্যায় |
| ধাপ-৬ | জেলা সমবায় অফিসার কর্তৃক পত্র অনুমোদন ও জারি। | ১ দিন | জেলা সমবায় অফিসার |
| ধাপ-৭ | অনুমোদিত ও জারিকৃত পত্রের কপি সমিতিতে প্রেরণ। | ১ দিন | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর |

Scanned with CamScanner

## ❖ বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ (Process Map) :

1. উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট হতে উপজেলা সমবায় দপ্তরে পত্র প্রাপ্তি ও ডাইরিভূক্তিকরণ।
   P. অফিস সহকারী
   T. ১ দিন

   ⬇

2. উপজেলা সমবায় দপ্তরের সংশ্লিষ্ট নথি উপস্থাপনকারী কর্তৃক নথিতে উপস্থাপন।
   P. সহকারী পরিদর্শক
   T. ১ দিন

   ⬇

3. উপজেলা সমবায় অফিসার কর্তৃক জেলা সমবায় অফিসার বরাবরে পত্র অগ্রায়নের নিমিত্তে অনুমোদন ও জারি।
   P. উপজেলা সমবায় অফিসার
   T. ১ দিন

   ⬇

4. উপজেলা সমবায় অফিসার হতে জেলা সমবায় দপ্তরে পত্র প্রাপ্তি ও ডাইরিভূক্তিকরণ।
   P. অফিস সহকারী
   T. ১ দিন

   ⬇

5. জেলা সমবায় দপ্তরের সংশ্লিষ্ট নথি উপস্থাপনকারী কর্তৃক নথিতে উপস্থাপন।
   P. পরিদর্শক/সমপর্যায়
   T. ১ দিন

   ⬇

6. জেলা সমবায় অফিসার কর্তৃক পত্র অনুমোদন ও জারি।
   P. জেলা সমবায় অফিসার
   T. ১ দিন


   ⬇

7. অনুমোদিত ও জারিকৃত পত্রের কপি সমিতিতে প্রেরণ।
   P. অফিস সহকারী
   T. ১ দিন

❖ **প্রস্তাবিত সেবা পদ্ধতি :**

| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম | প্রতি ধাপের সময় (দিন/ঘন্টা/মিনিট) | সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি) |
|---|---|---|---|
| ধাপ-১ | উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট হতে উপজেলা সমবায় দপ্তরে পত্র প্রাপ্তি ও ডাইরিভুক্তিকরণ এবং নথিতে উপস্থাপন। | ১ দিন | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর ও সহকারী পরিদর্শক |
| ধাপ-১ | সমবায় সমিতি ও জেলা সমবায় অফিসার বরাবরে ডি নথি/ ইমেইল এর মাধ্যমে পত্র প্রেরণ। একই সাথে বর্ণিত পত্র জেলার ফেইজবুক গ্রুপে পত্র আপলোডকরণ। | ১ দিন | সহকারী পরিদর্শক ও উপজেলা সমবায় অফিসার |

❖ **প্রস্তাবিত প্রসেস ম্যাপ :**



❖ TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা :

| সূচক | বিদ্যমান পদ্ধতি | প্রস্তাবিত পদ্ধতি |
|---|---|---|
| সময় (দিন/ ঘন্টা) | ৫-৭ দিন | ১-২ দিন |
| খরচ (নাগরিক ও অফিসের) | - | - |
| যাতায়াত | ১-২ দিন | প্রয়োজন নাই |
| ধাপ | ৭ (সাত)টি | ২ (দুই)টি |
| দাখিলীয় কাগজপত্র | কোন ফরম্যাট নাই। নিজেদের মতো করে প্রয়োজনীয় তথ্য ও কাগজপত্র সংগ্রহ করে পত্র প্রস্তুত ও প্রেরণ করা হয়। | প্রয়োজন নাই। |
| গুণগত মানোন্নয়ন/% | সময়ের অপচয়, ভুল হওয়ার সম্ভাবনা ৫০% | সহজ ও নির্ভুল। ১০০% |

❖ **বাস্তবায়ন কৌশল :** নোয়াখালী জেলার সদর উপজেলার সকল কার্যকর সমবায় সমিতিতে একাধিক প্রশিক্ষণ প্রোগ্রামে অন্তর্ভূক্ত করে সকল সমিতির একটি করে ফেইজবুক আইডি খোলা নিশ্চিত করতে হবে। অত:পর এই সব আইডি একটি অভিন্ন ফেইজবুক গ্রুপে সংযুক্ত করার মাধ্যমে একটি যোগাযোগ নেটওয়ার্ক গড়ে তোলা হবে।

উর্ধ্বর্তন কর্তৃপক্ষের সকল আদেশ, নির্দেশ এবং তথ্য উপাত্তের চাহিদা উক্ত গ্রুপের মাধ্যমে উপস্থাপন করা হবে।

অধ:স্তন কোন সমবায় দপ্তর বা কোন সমবায় সমিতি সাড়া প্রদানের বিলম্ব ঘটালে তাৎক্ষনিকভাবে গ্রুপ কল বা সুনির্দিষ্ট সমবায় সমিতিগুলোর সংযুক্ত কলের মাধ্যমে সাড়া প্রদান নিশ্চিত করা হবে।

❖ **বাস্তবায়নের জন্য ব্যয়িত অর্থের পরিমাণ:** প্রয়োজন নাই।

❖ **উদ্যোগটি বাস্তবায়নে নতুনত্ব:**

আইডিয়াটির মধ্যে নিম্নোক্ত বৈশিষ্ট্য বিদ্যমান :

১। **নতুনত্ব (Novelty):** উল্লেখযোগ্য পরিবর্তন/ উন্নতি সাধিত হবে।
২। **কার্যকারিতা (Effectiveness):** চাহিদা পূরণে সক্ষম ও সুফল বয়ে আনবে।
৩। **তাৎপর্য (Significance):** আত্মকর্মসংস্থান সৃষ্টি হবে। ফলে দারিদ্র্য ও স্থানীয় সমস্যা হ্রাস পাবে এবং সামাজিক ও অর্থনৈতিক দৃষ্টিভঙ্গিতে পরিবর্তন আসবে।
৪। **সমজাতীয় অন্য ক্ষেত্রে বাস্তবায়নযোগ্যতা (Replicability):** সমজাতীয় অন্য ক্ষেত্রে বাস্তবায়নযোগ্য এবং মডেল হিসেবে গ্রহণযোগ্য।

❖ **উদ্যোগ বাস্তবায়নের চ্যালেঞ্জসমূহ :**

১। মানসিক জড়তা;
২। দীর্ঘকালের স্থবিরতাজনিত নিস্পৃহতা;
৩। উদ্বুদ্ধ স্টাফ এর অনুপস্থিতি;
৪। ধারাবাহিক চর্চা বজায় রাখা;
৫। সকল সমিতির সমভাবে প্রযুক্তিগত সক্ষমতা না থাকা;
৬। প্রায়োগিক ফলোআপ-এর অভাব।

Scanned with CamScanner

❖ **উদ্যোগের ভবিষ্যৎ সম্ভাবনা :**

১। ফলোপ্রসু উদ্বুদ্ধ মানবসম্পদ সৃষ্টি;

২। প্রাতিষ্ঠানিক ইতিবাচকতা ও সক্ষমতা বৃদ্ধি;

৩। মানবসম্পদের সর্বোচ্চ সদ্ব্যবহার।

৪। অল্প সময়ে অধিকতর ফল লাভ।

মোহাম্মদ মনির হোসেন
উপজেলা সমবায় অফিসার
নোয়াখালী সদর, নোয়াখালী।
ফোন: ০২৩৩৪৪-৯১৩৫৭
ইমেইল: ucosadar@yahoo.com